**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

**গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস সাবওয়ে এবং ট্রানজিটে জননিরাপত্তা উদ্যোগসমূহের উল্লেখযোগ্য অগ্রগতি ঘোষণা করলেন**

***অক্টোবরে কপস, ক্যামেরা এবং কেয়ার উদ্যোগ ঘোষিত হওয়ার পর থেকে বিগত বছরে একই সময়কালের তুলনায় সাবওয়েতে মুখ্য অপরাধ 16 শতাংশ হ্রাস পেয়েছে***

***সাবওয়েতে অপরাধের হার প্রাক-মহামারী পর্যায়ে ফিরে যাচ্ছে***

***1993 সালের পর থেকে যেকোনও জানুয়ারি মাসে হওয়া দ্বিতীয় সর্বনিম্ন মাত্রার ট্রানজিট অপরাধ***

***650 ঘরহীন নিউ ইয়র্কবাসীকে সঙ্কটকালীন হস্তক্ষেপ সেবার সাথে সংযুক্ত করে দেওয়া হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র অ্যাডামস আজকে নতুন ডেটা ঘোষণা করলেন যা গত বছর শুরু করা সাবওয়ে ও ট্রানজিটে জননিরাপত্তা উদ্যোগসমূহের উল্লেখযোগ্য অগ্রগতি প্রদর্শন করে। গত অক্টোবরে গভর্নর এবং মেয়র ঘোষণা করেন যে নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (New York City Police Department, NYPD) এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের পুলিশ বিভাগ (Metropolitan Transportation Authority Police Department, MTAPD) প্ল্যাটফর্মসমূহে অফিসারদের সংখ্যা বৃদ্ধি করবে এবং একইসাথে সাবওয়ে স্টেশনে আশ্রয় নেওয়া ঘরহীন ব্যক্তিদের এবং মারাত্মক মানসিক অসুস্থতায় ভুগতে থাকা ব্যক্তিদের সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health, OMH) ধারণক্ষমতা সম্প্রসারণ করা হবে। এছাড়াও গভর্নর হোকল ঘোষণা করেন যে 2022 সালের অক্টোবর মাসের পরে নিযুক্ত করা দলগুলি উচ্চ চাহিদা রয়েছে এমন 650 জন ঘরহীন নিউ ইয়র্কবাসীকে সঙ্কটকালীন হস্তক্ষেপ সেবার সাথে সংযুক্ত করে দিয়েছে।

"গভর্নর হিসেবে আমার এক নম্বর অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা, তা সড়কে, তাদের বাড়িতে, স্কুলে বা সাবওয়ে যেখানেই হোক না কেন, এবং আমরা আমাদের সাবওয়েগুলিকে যাত্রীদের জন্য নিরাপদ করার জন্য যা প্রয়োজন তার সবকিছু করবো," **গভর্নর হোকল বলেন।** "আমাদের কপস, ক্যামেরা, এবং কেয়ার (Cops, Cameras, and Care) উদ্যোগ সাবওয়ে অপরাধ হ্রাস করেছে, যাদের প্রয়োজন তাদের সাহায্য করেছে এবং সাবওয়ে ব্যবস্থায়

যাত্রীদের পুনরায় আকৃষ্ট করা অব্যাহত রেখেছে। আমরা মেয়র এবং NYPD এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছি এবং আমরা সাবওয়েতে নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার জন্য প্রয়োজনীয় সবকিছু করে যাবো।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "এক বছর আগে গভর্নর হোকল এবং আমি আমাদের সাবওয়েতে মানুষ যাতে নিরাপদ থাকে ও নিরাপদ বোধ করে তা নিশ্চিত করার একটি সত্যিকারের পরিকল্পনা নিয়ে সাবওয়েতে এসে দাঁড়িয়েছিলাম। এখন, অপরাধ হ্রাস পাচ্ছে, যাত্রী সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, এবং নিউ ইয়র্কবাসীরা তাদের ব্যবস্থায় আত্মবিশ্বাসী বোধ করছে। আমাদেরকে আরো বহু পথ পারি দিতে হবে, কিন্তু আমাদের শহরের জীবনীশক্তি, আমাদের সাবওয়ে ব্যবস্থাকে উন্নত করার জন্য আমাদের এই অংশীদারিত্বটি প্রয়োজন, এবং আমরা সঠিক দিকে অগ্রসর হতে থাকবো।"

**মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "এই মাসে গত বছরের তুলনায় যাত্রীসংখ্যা 35 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং অপরাধ 28 হ্রাস পেয়েছে। এগুলি বাস্তব ইতিবাচক নির্ণায়ক, কিন্তু আমরা নিকট ভবিষ্যতে আমাদের কাজের গতিবেগ হ্রাস করছি না। আমি জানি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস যাত্রী ও সকল নিউ ইয়র্কবাসীদের মঙ্গলের জন্য দীর্ঘ সময় ধরে কাজ করে যাবেন।"

**স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "নিউ ইয়র্ক সিটিতে মানসিক অসুস্থতা নিয়ে বাস করা গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের সমর্থন ও সেবা প্রদান করার জন্য আমরা দারুণ অগ্রগতি করেছি।650 জনের বেশি ব্যক্তি আমাদের নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support) দলসমূহের দ্বারা সেবার সাথে সংযুক্ত হয়েছে এবং আরো স্থায়ী আবাসনে স্থানান্তরিত হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সাহায্য পাচ্ছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে সর্বাপেক্ষা দুঃস্থ যারা তাদেরকে তাদের প্রয়োজনীয় চিকিৎসা ও সেবা পেতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ।"

**সাবওয়ে অপরাধ লক্ষণীয়ভাবে হ্রাস পেয়েছে**

গত অক্টোবর মাসে উদ্যোগটি ঘোষিত হওয়ার পর থেকে, বিগত বছরে একই সময়কালের তুলনায় সাবওয়েতে মুখ্য অপরাধ 16 শতাংশ হ্রাস পেয়েছে। পাশাপাশি, সাবওয়েতে অপরাধের হার প্রাক-মহামারী পর্যায়ে ফিরে যাচ্ছে। 2019 সালে, অপরাধের হার ছিলো প্রতি মিলিয়ন যাত্রীতে 1.5টি অপরাধ। 2022 সালে, অপরাধের হার ছিলো প্রতি মিলিয়ন যাত্রীতে 2.3টি অপরাধ, এখন পর্যন্ত 2023 সালের যাত্রী সংশোধিত হার হলো প্রতি মিলিয়ন যাত্রীতে মাত্র 1.7। ট্রানজিটে খুনের সংখ্যা চারটি থেকে কমে দুইটি হয়েছে। এছাড়াও, 1993 সালের জানুয়ারি মাসে যখন ট্রানজিটে অপরাধের ডেটা প্রথম সংগ্রহ করা হয় তার পর থেকে সকল জানুয়ারি মাসের তুলনায় এই জানুয়ারি মাসে এই মাত্রা সর্বনিম্ন ছিলো। ট্রানজিটে গুলির ঘটনা 14 শতাংশ হ্রাস পেয়েছে, এবং ছিনতাইয়ের সংখ্যা লক্ষণীয়ভাবে 30 শতাংশ কমে গেছে। 2022 সালের অক্টোবর থেকে সার্বিক গ্রেফতারের সংখ্যা 43.4 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং ট্রানজিট অ্যাডজুডিকেশন ব্যুরোর (Transit Adjudication Bureau) ডাক পাওয়ার সংখ্যা 84.8 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

## যাত্রীরা সাবওয়ে ব্যবস্থায় ফিরে আসছে

2022 সালের 27 ডিসেম্বর MTA ঘোষণা করে যে যাত্রীসংখ্যা 1 বিলিয়ন ছাড়িয়ে গেছে যেহেতু যাত্রীরা সাবওয়েতে ফেরত আসা অব্যাহত রেখেছে, এবং 2022 সালের অক্টোবর মাস পর্যন্ত সাবওয়ে যাত্রীসংখ্যা 2021 সালের একই সময়কালের তুলনায় 38.6 শতাংশ বেশি ছিলো। 2022 সালের ডিসেম্বরে করা MTA যাত্রী সন্তুষ্টি জরিপেও দেখা গেছে যে 18 শতাংশ বেশি যাত্রী এখন ট্রেনে বা স্টেশনে "নিরাপদতর" বা "অনেক নিরাপদতর" বোধ করছে, এটি 2022 সালের বসন্তে জরিপ শুরু করার পর থেকে যেকোনও এক মাসে সর্বোচ্চ বৃদ্ধি।

## ঘরহীন ব্যক্তিদেরকে সঙ্কটকালীন হস্তক্ষেপ এবং মানসিক স্বাস্থ্য সংস্থানের সাথে সংযুক্ত করা

মানসিক স্বাস্থ্য সঙ্কট এবং নিউ ইয়র্ক সিটির জননিরাপত্তার এর প্রভাবের ব্যাপারে গভর্নর হোকল একটি বহুমাত্রিক পন্থা গ্রহণ করেছেন। এর মধ্যে রয়েছে চিকিৎসার ধারাবাহিকতা ব্যাপকভাবে সম্প্রসারিত করা, মানসিক স্বাস্থ্য সেবার কর্মীবাহিনীকে বলীয়ান করার জন্য প্রণোদনা প্রদান, এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী ফ্যাসিলিটিগুলি কোভিড-19 মহামারীর সময়ে যেই ইনপেশেন্ট মনোরোগ শয্যাগুলি অফলাইন করেছিলো তা ফেরত আনতে তাদের রাজি করানো।

বর্তমানে বিশেষভাবে প্রশিক্ষিত মানসিক স্বাস্থ্য প্র্যাকটিশনিয়ারদের 10টি দল রয়েছে যারা নিরাপদ বিকল্প সমর্থন দল নাম পরিচিত, এই দলগুলি জরুরি আশ্রয়কেন্দ্র, আউটরিচ প্রদানকারী, নিউ ইয়র্ক সিটির সমর্থক আবাসন ফ্যাসিলিটিসমূহের কাজ করে সড়কে বা সাবওয়ে ব্যবস্থায় বাস করতে থাকা আনুমানিক 3,900 ব্যক্তিকে একটি স্থিতিশীল বসবাসের পরিবেশে স্থানান্তর করেছে। এই দলগুলি ইতিমধ্যে 650 ব্যক্তিকে সঙ্কটকালীন সময়ের হস্তক্ষেপ (Critical Time Intervention) সেবার তালিকাবদ্ধ করেছে, এটি একটি প্রমাণভিত্তিক অনুশীলন যা দুঃস্থ ব্যক্তিদেরকে তাদের জীবনের ক্রান্তিকালীন কঠিন সময়ে আবাসন এবং সেবার সাথে সংযুক্ত করে দিতে সাহায্য করে।

এছাড়াও গৃহহীনতায় ভুগতে থাকা মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তিদেরকে মনোরোগ সংক্রান্ত কেন্দ্রভিত্তিক ইনপেশেন্ট চিকিৎসা প্রদান করার জন্য নিউ ইয়র্ক সিটিতে দুইটি বাড়িতে স্থানান্তর ইউনিট প্রতিষ্ঠা করার জন্য স্টেট 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। প্রথম ইউনিটটি নভেম্বর মাসে ম্যানহাটন সাইকিয়াট্রিক সেন্টারে (Manhattan Psychiatric Center) স্থাপন করা হয়েছে এবং সেখানে এখন 20টি শয্যা রয়েছে, এবং আগামী সপ্তাহগুলিকে আরো পাঁচটি শয্যা অনলাইন হওয়ার কথা রয়েছে, এবং এই শীতকালের কোনও এক সময়ে 25 শয্যার দ্বিতীয় একটি ইউনিট অনলাইন হওয়ার প্রত্যাশা করা যাচ্ছে।

কপস, ক্যামেরা, এবং কেয়ার উদ্যোগের অংশ হিসেবে হাসপাতালে ভর্তি হওয়া ও আবাসনের মধ্যে অতিরিক্ত সেবার প্রয়োজন হবে এমন ব্যক্তিদের জন্য গভর্নর হোকল একটি 60 শয্যার ক্রান্তিকালীন কর্মসূচি প্রতিষ্ঠা করার নির্দেশ দিয়েছেন। 7.2 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল ব্যবহার করে নিউ ইয়র্ক সিটির চারটি স্থানে সম্প্রদায়ের আবাসিক স্টেপডাউন (Community Residential Step-Down) কর্মসূচি প্রতিষ্ঠা করা হবে, এবং প্রতিটিতে র‍্যাপঅ্যারাউন্ড, মোবাইল

সেবা, ও ব্যক্তিদেরকে সফলভাবে সম্প্রদায়ে বসবাস ও স্থানীয় আবাসনে স্থানান্তরিত করতে প্রয়োজনীয় অন্যান্য সেবাসমূহের সাথে সংযুক্ত ক্রান্তিকালীন আবাসনের 15টি ইউনিট থাকবে।

গৃহহীনতায় ভুগতে থাকা মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তিদের সাথে কাজ করার সেরা অনুশীলনের ব্যাপারে স্টেট আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং প্রথম সাড়াদানকারীদেরকে প্রশিক্ষণ প্রদান করবে। এই প্রশিক্ষণের মধ্যে থাকবে মৌলিক সঙ্কটকালীন হস্তক্ষেপের দক্ষতা এবং মানসিকভাবে অসুস্থ সড়কে থাকা জনগোষ্ঠীর সাথে কাজ করার সেরা অনুশীলনসমূহ।

এছাড়াও গভর্নর হোকল আরো ইনপেশেন্ট মনোরোগ শয্যা অনলাইনে ফেরত আনতে মেডিকেইডের (Medicaid) সেবার ফি'র হার বৃদ্ধি করেছেন। নিউ ইয়র্ক স্টেট 27.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, আশা করা যাচ্ছে যে ফেডারেল সরকার একই পরিমাণ অর্থ প্রদান করে এইসব হার বৃদ্ধির জন্য মোট 55 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবেন, যা 1 এপ্রিল, 2022 তারিখ থেকে কার্যকর গণ্য করা হবে।

পাশাপাশি, স্টেটের 9 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য ঋণ পরিশোধ কর্মসূচি (Community Mental Health Loan Repayment Program) তিন বছর মেয়াদে মনোরোগ বিশেষজ্ঞদের জন্য 120,000 মার্কিন ডলার পর্যন্ত এবং মনরোগ সংক্রান্ত নার্স প্র্যাকটিশনিয়ারদের জন্য 30,000 মার্কিন ডলার পর্যন্ত ঋণ পরিশোধ করে দিবে। কর্মসূচিটি প্রায় 180 জন মনোরোগ বিশেষজ্ঞ এবং 180 জন মনোরোগ-সংক্রান্ত নার্স প্র্যাকটিশনিয়ারকে সেবা দিবে বলে অনুমান করা যাচ্ছে।

গভর্নর হোকল তার স্টেট অফ দ্য স্টেট ভাষণে 1,000টি ইনপেশেন্ট মনোরোগ শয্যা যোগ করার প্রতিশ্রুতি প্রদান করেছেন, যা 2014 সাল থেকে হারিয়ে যাওয়া শয্যা সংখ্যার অর্ধেকের বেশির স্থান গ্রহণ করবে। মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীদের জন্য 3,500টি নতুন আবাসন ইউনিট তৈরি। স্কুল বয়সী শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারিত করা। হাসপাতালগুলির জন্য অ্যাডমিশন ও ডিসচার্জ পরিকল্পনা উন্নত করা আবশ্যিক করা এবং ডিসচার্জ হওয়া রোগীদের আবাসন থেকে শুরু করে চাকরি সমর্থন পর্যন্ত র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করার জন্য 50টি নতুন সঙ্কটকালীন সময়ে হস্তক্ষেপের চিকিৎসা সমন্বয়ের (Care Coordination's Teams) দল গঠন করা।

এছাড়াও গভর্নর এমন বিধিমালা অগ্রসর করবেন যা আচরণগত স্বাস্থ্য সেবার আওতায় শূন্যস্থান পূরণ করবে এবং শিশু ও প্রাপ্তবয়স্ক উভয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবা প্রদানে অস্বীকার করা বীমা প্রদানকারীদের জন্য নিষিদ্ধ করবে। এইসব বিনিয়োগ ও উদ্যোগসমূহ মানসিক স্বাস্থ্যের ব্যাপারে স্টেটের পন্থার পুনর্বিন্যাস করবে যার উদ্দেশ্য হবে প্রতিরোধ থেকে চিকিৎসা থেকে নিরাময় পর্যন্ত মানসিক স্বাস্থ্য সেবা ধারাবাহিকতার সকল অংশকে রূপান্তরিত করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418